দৈনিক সংবাদ

তারিখ ... পৃষ্ঠা ১০ কলাম ৪

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আজ ক্লাস শুরু হচ্ছে বিকেলে সিন্ডিকেট সভা

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

নির্বাচন উপলক্ষে ১১ দিন ছুটি থাকার পর আজ শনিবার থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ক্লাসসমূহ পুনরায় শুরু হচ্ছে। এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, সিন্ডিকেটের মুলতবি সভা আজ বিকেলে অনুষ্ঠিত হবে। অন্যদিকে বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকরা সিন্ডিকেটে না বসার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি হুঁশিয়ারি উচ্চারণ করায় ক্যাম্পাসের পরিস্থিতি উত্তপ্ত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

সূত্র জানায়, গত ২২ সেপ্টেম্বর স্থগিত রাখা সিন্ডিকেট সভায় বেশ কিছু এজেন্ডা এখনো সিদ্ধান্ত গ্রহণের অপেক্ষায় রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত ১৫ শিবির নেতা-কর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ও দীর্ঘদিন ধরে এডহক ভিত্তিতে কর্মরত ৩১ জন কর্মচারীর চাকরি স্থায়ীকরণ।

উল্লেখ্য, বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকরা গত বৃহস্পতিবার সিন্ডিকেট সভা না করে শুধু রুটিন ওয়ার্ক চালিয়ে যাওয়ার জন্য উপাচার্যকে শাসিয়ে গেছেন।